

যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা ও আলোচনা সভা অনুষ্ঠিত



কোভিড ১৯ মহামারী করোনা ভাইরাস ও সরকারি সাস্থ্যবিধি মেনে ৫ ফেব্রুয়ারি-২০২২, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং কেন্দ্রীয় পূজা কমিটির আহ্বায়কসহ বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষক সমিতি, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, প্রক্টর ও সহকারী প্রক্টর, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ পূজামন্ডপ পরিদর্শন করেন।

পূজামন্ডপ পরিদর্শন শেষে উপাচার্য মহোদয়ের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক অধ্যাপক ড. মো. ইমদাদুল হক উপস্থিত ছিলেন।



কেন্দ্রীয় পূজা কমিটির আহবায়ক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী এর সভাপতিত্বে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, প্রক্টর ড. মোস্তফা কামাল, ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুল কাদের প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা কমিটির উদ্যোগে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় পূজার আয়োজন করা হয়। উল্লেখ্য, এ বছর (২০২২) একটিমাত্র পূজামন্ডপে সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়।